যুগান্তর

তারিখ 29 JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ১

# কওমি পাঠ্যে স্বাধীনতার ইতিহাস বিকৃতকারীদের শাস্তি দিন

## —আমরা মুক্তিযোদ্ধার সন্তান

যুগান্তর রিপোর্ট

কওমি মাদ্রাসার পাঠ্যপুস্তকে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস বিকৃত করায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে মুক্তিযোদ্ধার সন্তানদের প্রতিনিধিত্বকারী সংগঠন আমরা মুক্তিযোদ্ধার সন্তান। পাশাপাশি ইতিহাস বিকৃতকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়েছে। মঙ্গলবার সংগঠনের এক বিবৃতিতে এ দাবি করা হয়। বিবৃতিতে সংগঠনের সভাপতি মো. হুমায়ুন কবির বলেন, কওমি মাদ্রাসার পঞ্চম শ্রেণীর ইতিহাস বইয়ে 'স্বাধীন বাংলাদেশের জন্ম' শীর্ষক প্রবন্ধে জিয়াউর রহমানকে স্বাধীনতার ঘোষক হিসেবে উপস্থাপন করা হয়েছে। তিনি বলেন, বাংলাদেশ কওমি মাদ্রসা শিক্ষা বোর্ড-বেফাক জেনে শুনে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করছে। যা ক্ষমার অযোগ্য অপরাধ।